

# জুলাই বিপ্লবে আহত শিক্ষার্থীদের অনুদান দিল ইবি প্রশাসন

সংগীত কুমার, কন্ট্রিভিউটিং রিপোর্টার, ইসলামী  
বিশ্ববিদ্যালয়

প্রকাশিত: ২১:৫২, ২ জুলাই ২০২৫



ছবি: জনকগঠ

জুলাই অভ্যর্থনে আহত ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) ১০ শিক্ষার্থীর হাতে অনুদান তুলে দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। বুধবার (২ জুলাই) বিকাল ৪টায় উপাচার্যের কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে এ অনুদান হস্তান্তর করা হয়।

উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ'র সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে  
মোট ৫৮ হাজার টাকা অনুদান বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. এম এয়াকুব আলী,  
প্রক্টর অধ্যাপক ড. শাহীনুজ্জামান, ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. মো. ওবায়েদুল ইসলাম,  
বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক এস এম সুইট ও সহ-সমন্বয়ক তানভীর  
মণ্ডলসহ অনেকে।

অনুদান প্রদান শেষে উপাচার্য বলেন, “সারাদেশে যারা জুলাই-আগস্ট বিপ্লবে অংশ  
নিয়েছেন, আহত কিংবা শহিদ হয়েছেন, তাঁদের প্রতি শুন্দা জানাই। বিশ্ববিদ্যালয়ের  
পক্ষ থেকে যে অনুদান দেওয়া হয়েছে, তা প্রয়োজনের তুলনায় খুবই অল্প। তবে আমরা  
আমাদের শিক্ষার্থীদের কল্যাণে সর্বোচ্চ চেষ্টা করছি। তাঁরা আমাদের বিবেচনায়  
থাকবে।”

তিনি আরও বলেন, “জুলাই-আগস্ট বিপ্লব ঘেন আমাদের আদর্শ হয়। ভবিষ্যতের  
বাংলাদেশ গড়তে এ বিপ্লবের ত্যাগ ও দর্শনকে ধারণ করে ইসলামী বিশ্ববিদ্যালয়  
পরিচালিত হবে।”

---